# RAMANANDA COLLEGE

BISHNUPUR,BANKURA
PIN-722122,WEST-BENGAL
UGC Recognized & State Aided Constituent College
(UNDER BANKURA UNIVERSITY)
(Accredited by NAAC at B++)

Ref.NO RNC/29/07/2023-2024 Date:- 28/07/2023

# বিজ্ঞপ্তি

রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার ১২৫ তম বর্ষ উদযাপন উপলক্ষে রামকৃষ্ণ মিশন ইনস্টিটউট অব কালচার গোলপর্কের নিদের্শনা ও অনুমতিক্রমে আগামী ০৬/০৮/২০২৩ শ্রী শ্রী রামকৃষ্ণ আশ্রম (লালবাঁধ) বিষ্ণুপুর এ যুব সম্মেলন অনুষ্ঠিত হবে ।

আগামী ০৬/০৮/২০২৩ শ্রী শ্রী রামকৃষ্ণ আশ্রম (লালবাঁধ) বিষ্ণুপুর এ যুব সম্মেলন উপলক্ষে ০৫/০৮/২০২৩ কয়েকটি সাংস্কৃতিক প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে।

উক্ত সাংস্কৃতিক প্রতিযোগীতায় নাম দিতে ইচ্ছুক ছাত্রছাত্রীরা (1)9434224826,(2)9474450646,(3)8927054552,(4)906846734, (5)9434071927 এই মোবাইল নাম্বার এ যোগাযোগ করে নাম জমা দেবে ।

স্বপ্না ঘোড়ই 28/8/2023

( ড: স্বপ্না ঘোড়ই )
অধ্যক্ষ
রামানন্দ কলেজ
বিষ্ণুপুর, বাঁকুড়া

Principal
Ramananda College
Bishnupur, Bankura.

RAMANANDA COLLEGE ESTD.-1945 (BANKURA) BISHNUPUR

28/7/2023

# Sri Sri Ramakrishna Ashram

**(Estd.-1953)**

Lalbandh :: P.O. : Bishnupur :: Dist : Bankura :: Pin- 722122

Secretariat – Udayan Lodge, Bishnupur, Phone : 252243/254060

***PRESIDENT***

**Swami Shibarupananda**

***VICE PRESIDENT***

**Sri P.K.Nandi**

***SECRETARY***

**Sri Asit Kumar Chandra**

***TREASURER***

**Sri Alok Kanti Acharya**

***MEMBERS***

**Sri Kali Kinkar Jana**

**Sri Partha Roy**

**Swami Nijananda**

**Swami Paramatwananda**

**Sri Dhanapati Mahapatra**

*Ref No:* .................. *Date :* ২৪/০৭/২০২৩

প্রতি,

অধ্যক্ষ, রামানন্দ কলেজ ; বিষ্ণুপুর

**বিষয়:- রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠার ১২৫ তম বর্ষ উদ্‌যাপন উপলক্ষে রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার গোলপার্কের নির্দেশনা ও অনুমতিক্রমে আগামী ৬ই আগষ্ট (০৬/০৮/২০২৩) রবিবার সকাল ৮:৩০ মিনিট থেকে যুব সম্মেলন।**

মহোদয়/মহোদয়া,

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে আমাদের সানন্দ ঘোষণা এই যে, বিষ্ণুপুরের ঐতিহ্যবাহী শ্রী শ্রী রামকৃষ্ণ আশ্রম, (লালবাঁধ) বিষ্ণুপুর প্রাঙ্গনে যুব সম্মেলন অনুষ্ঠিত হবে। স্বামী বিবেকানন্দ ভাবানুরাগী সর্বাধিক আট জন যুব / যুবা প্রতিনিধির নাম ও তথ্য (শ্রেণী, বয়স, জাতি ইত্যাদি) আগামী ৩০ শে জুলাইয়ের মধ্যে পাঠানোর জন্য আপনাকে অনুরোধ জানাই। যুব প্রতিনিধির বয়স ১৬ বছর থেকে ২৫ বছর পর্যন্ত হওয়া বাধ্যতামূলক।

উক্ত বিষয় উপলক্ষে আগামী ৫ই আগষ্ট শনিবার বিকাল ৩ টায় আশ্রম প্রাঙ্গনে কয়েকটি বিষয়ে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। একজন প্রতিযোগী সর্বাধিক দুটি বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে।

প্রতিযোগিতার বিষয়, কবিতা ও গানের অনুলিপি সংযোজন করা হলো।

নমস্কারান্তে

Asit

SECRETARY
Sri Sri Rama Krishna Ashram
Lalbandh, P.O.-Bishnupur
Dt.-Bankura, 722122

সম্পাদক

# শ্রীশ্রী রামকৃষ্ণ আশ্রম, শালবাঁধ, বিষ্ণুপুর

## আসন্ন যুব সম্মেলনে প্রতিযোগীতার বিষয়

## (২০২৩–২০২৪)

১। বক্তৃতা : স্বামী বিবেকানন্দকে কেন আমাদের প্রয়োজন ? [৩ থেকে ৫ মিনিট]

২। আবৃত্তি : সখার প্রতি : স্বামী বিবেকানন্দ : দ্বিতীয়, তৃতীয়, সপ্তম অনুচ্ছেদ [প্যারাগ্রাফ] কেবল মাত্র।

অথবা

অকালে ফোটা একটি ফুলের প্রতি : স্বামীজীর ইংরাজী কবিতার বাংলা অনুবাদ।

৩। সঙ্গীত : বীর সেনাপতি বিবেকানন্দ : স্বামী চণ্ডিকানন্দ।
কে তুমি বাজালে নবীন রাগেতে ভারতের প্রাণ-বীণা : নীরদরঞ্জন মজুমদার।

৪। অঙ্কন : স্বামী বিবেকানন্দের জীবন ও বাণী অবলম্বনে ছবি আঁকতে হবে জল রং এর সাহায্যে। (যে কোন একটি)

i) পরিব্রাজক বিবেকানন্দ হনুমানের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন।

ii) শ্রীরামকৃষ্ণ নরেন্দ্রনাথকে স্পর্শ করে অনন্তের সন্ধান দিচ্ছেন।

iii) ছোট্ট বিলে দোতলা থেকে ভিখারীকে বস্ত্রদান করছেন।

iv) চিকাগো বক্তৃতা দিচ্ছেন স্বামীজী।

## সখার প্রতি

যোগ-ভোগ, গার্হস্থ্য-সন্ন্যাস, জপ-তপ,ধন-উপার্জন,
ব্রত, ত্যাগ,তপস্যা কঠোর, সব মর্ম দেখেছি এবার ;
জেনেছি সুখের নাহি লেশ, শরীরধারণ বিড়ম্বন ;
যত উচ্চ তোমার হৃদয়, তত দুঃখ জানিহ নিশ্চয়।
হৃদিবান্ নিঃস্বার্থ প্রেমিক! এ জগতে নাহি তব স্থান ;
লৌহপিণ্ড সহে যে আঘাত, মর্মর-মূরতি তা কি সয় ?
হও জড়প্রায়, অতি নীচ, মুখে মধু, অন্তরে গরল—
সত্যহীন, স্বার্থপরায়ণ, তবে পাবে এ সংসারে স্থান।

বিদ্যাহেতু করি প্রাণপণ, অর্ধেক করেছি আয়ুঃক্ষয়—
প্রেমহেতু উন্মাদের মতো, প্রাণহীন ধরেছি ছায়ায়;
ধর্ম তরে করি কত মত, গঙ্গাতীর শ্মশান আলয়,
নদীতীর পর্বতগহ্বর, ভিক্ষাশনে কতকাল যায়।
অসহায়—ছিন্নবাস ধ'রে দ্বারে দ্বারে উদরপূরণ—
ভগ্নদেহ তপস্যার ভারে, কি ধন করিনু উপার্জন ?

ব্রহ্ম হতে কীট-পরমাণু, সর্বভূতে সেই প্রেমময়,
মন প্রাণ শরীর অর্পণ কর সখে, এ সবার পায়।
বহুরূপে সম্মুখে তোমার, ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর।
জীবে প্রেম করে যেই জন সেই জন সেবিছে ঈশ্বর ।।

## অকালে ফোটা একটি ফুলের প্রতি

তুষার-কঠিন মাটিই না হয় হোক না
তোমার শয্যা, আবরণ তব শীতার্ত ঝঞ্ঝার,
জীবনের পথে নাই বা জুটিল বন্ধুজনার হর্ষ,
ব্যর্থ তোমার সৌরভ বিস্তার;
প্রেম যদি হয় নিজেই ব্যর্থ তবু কী-বা আসে যায়
না হয় ব্যর্থ সৌরভ সঞ্চার—
অকল্যাণের জয় যদি হয়, কল্যাণ পরাজিত,
পুণ্যের 'পরে পাপের অত্যাচার;
তবু প্রশান্ত বিকশিত থাকো, পবিত্র মধুময়
থাকো অবিচল আপন মহিমায়,
দাও, ঢেলে দাও, স্নিগ্ধ উদার মধু সৌরভ তব
চিরপ্রসন্ন অযাচিত করুণায়।

## খাম্বাজ—একতাল

কে তুমি বাজালে নবীন রাগেতে ভারতের প্রাণ-বীণা।
মধুর ঝঙ্কারে মুগ্ধ জগত চকিতে গাহে বন্দনা।।
ললিত ছন্দে গভীর মন্দ্রে, পশিল সে তান রন্ধ্রে রন্ধ্রে;
জাগিল সুপ্ত লুপ্ত-গৌরব ভারতবর্ষ দীনা।।
হিমাদ্রি-শিখরে জলনিধি-তীরে, প্রাচ্যে প্রতীচ্যে দিগদিগন্তরে,
বেদান্ত-মহিমা কে বল প্রচারে বর্ণিতে নারি সীমা।।
(করি) গুরুপদে মন-প্রাণ সমর্পণ, মহাযোগী-বেশ করিলে ধারণ
জ্ঞান-ভক্তি-যোগ জীব-সেবাব্রত করিলে উদ্দীপনা।।

—নীরদরঞ্জন মজুমদার

## আড়ানা—দেওয়া

বীর সেনাপতি বিবেকানন্দ ঐ যে ডাকিছে 'আয়রে আয়'।
আহ্বানে তার আপনা ভুলিয়া কত মহারথী ছুটিয়া যায়।।
আত্মত্যাগের অগ্নিমন্ত্রে দীক্ষিত হ'য়ে নবীন তন্ত্রে।
ভোগবাদ-জাত-দৈত্য দলিতে আপনা সঁপিতে কে যাবি আয়।।
স্বার্থ-দ্বন্দ্ব-ভোগ-কোলাহল এনেছে জগতে শুধু হলাহল,
নিভাতে আজিকে এই দাবানল প্রেমবারি সে যে এনেছে হায়।
এস দেব এস করুণা নিধান, লহ আজি মম তনুমনপ্রাণ,
কৃপা করি কর এ আশিস্ দান তব কাজে যেন জীবন যায়।।

—স্বামী চন্ডিকানন্দ